গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৯৯

## ছাদ ঢালাইয়ের মধ্য দিয়ে কাঠামো দৃশ্যমান হতে শুরু করেছে রাজশাহী আধুনিক তথ্য কমপ্লেক্সের

রাজশাহী; ২৪ আশ্বিন (০৯ অক্টোবর):

প্রথম তলার ছাদ ঢালাইয়ের মধ্য দিয়ে কাঠামো দৃশ্যমান হতে শুরু করেছে রাজশাহী আধুনিক তথ্য কমপ্লেক্সের। আজ (৯ অক্টোবর) নগরীর কাশিয়াডাঙ্গাস্থ ফায়ার সার্ভিস অফিসের পাশে নির্মাণাধীন কমপ্লেক্সটির প্রথম তলার ছাদ ঢালাইয়ের উদ্বোধন করা হয়। উদ্বোধনকালে রাজশাহী জেলা তথ্য অফিস ও পিআইডির কর্মকর্তা-কর্মচারী এবং পূর্ত অধিদপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্পের ইঞ্জিনিয়ারসহ ঠিকাদার প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্তরা উপস্থিত ছিলেন।

প্রথম তলার ছাদ ঢালাইয়ে কিছুটা বিলম্ব হলেও পরবর্তী কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন হবে মর্মে ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধিরা নিশ্চিত করেছে।

উল্লেখ্য যে, জেলা পর্যায়ে আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের আওতায় নগরীর কাশিয়াডাঙ্গাতে চলমান রয়েছে সাততলা বিশিষ্ট তথ্য কমপ্লেক্স নির্মাণের কাজ। ভবনটিতে রাজশাহী জেলা তথ্য অফিস ও পিআইডির অফিস অবকাঠামোসহ একটি আধুনিক সিনেকমপ্লেক্স ও আরও অনেক সুযোগ-সুবিধা থাকবে।

---

তৌহিদ/আতিক/আলীম/২০২৫/১৪:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd